

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অতিরিক্ত জেলা ও দায়রা জজ-এর কার্যালয়
গাইবান্ধা।

স্মারক নং-৮১

তারিখ : ৩১/১০/২০২১ খ্রিঃ

নিয়োগ বিজ্ঞপ্তি

অতিরিক্ত জেলা ও দায়রা জজ আদালত, গাইবান্ধা এর নিম্নবর্ণিত শূন্য পদে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে পূরণের নিমিত্তে যোগ্যতাসম্পন্ন বাংলাদেশের নাগরিকদের নিকট দরখাস্ত আহ্বান করা যাইতেছে।

পদের নাম ও পদ সংখ্যা	বেতন স্কেল	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
১। ড্রাইভার, ০১টি পদ	৯,৩০০-২২৪৯০/=	অষ্টম শ্রেণী পাশ। বৈধ ড্রাইভিং লাইসেন্স থাকিতে হইবে। অভিজ্ঞদের অগ্রাধিকার দেওয়া হইবে।

শর্তাবলী :

- ১। লিগ্যাল অফসেট সাইজের কাগজে স্বহস্তে লিখিত দরখাস্ত আগামী ১৮/১১/২০২১ খ্রিঃ তারিখ এর মধ্যে সভাপতি, নিয়োগ সংক্রান্ত যাচাই বাছাই কমিটি ও অতিরিক্ত জেলা ও দায়রা জজ আদালত, গাইবান্ধা বরাবর ডাকযোগে প্রেরণ অথবা উল্লেখিত আদালতের কার্যালয়ে অফিস সময়ের মধ্যে (৯:০০-৫:০০) সরাসরি দাখিল করিতে হইবে।
- ২। আগামী ১৮/১১/২০২১ খ্রিঃ তারিখে উপরোল্লিখিত পদের প্রার্থীর বয়স ১৮ হইতে ৩০ বছরের মধ্যে হইতে হইবে। মুক্তিযোদ্ধা সন্তানদের ক্ষেত্রে উক্ত বয়সসীমা হইবে ৩২ বছর।
- ৩। দরখাস্তে নিজ নাম, পিতার নাম, মাতার নাম, স্থায়ী ঠিকানা, বর্তমান ঠিকানা, জন্ম তারিখ, বয়স, জাতীয়তা, ধর্ম, শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা (যদি থাকে) এবং কোন কোটার প্রার্থী হইলে উহা উল্লেখ করিতে হইবে। বিভাগীয় প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করিতে হইবে।
- ৪। আবেদনপত্রের সহিত নিম্নলিখিত কাগজাদি দাখিল করিতে হইবে-প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত-(ক) সদ্য তোলা ৩ কপি পাসপোর্ট সাইজের রঙ্গিন ছবি, (খ) সকল শিক্ষাগত যোগ্যতার সনদের সত্যায়িত ফটোকপি, (গ) অভিজ্ঞতার সনদের (যদি থাকে) সত্যায়িত ফটোকপি, (ঘ) জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত ফটোকপি, (ঙ) ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/পৌরসভার মেয়র কর্তৃক প্রদত্ত মূল নাগরিকত্ব সনদ, (চ) প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত মূল চারিত্রিক সনদ, (ছ) মুক্তিযোদ্ধা সন্তানদের ক্ষেত্রে সংশ্লিষ্ট ব্যক্তির মুক্তিযোদ্ধা সনদের সত্যায়িত ফটোকপি ও আবেদনকারীর সহিত সম্পর্কের মূল সনদ (প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত), (জ) ১২/- টাকার ডাক টিকেট সম্বলিত ৯'X৪' সাইজের ফেরৎ খাম (খামের উপর আবেদনকারীর বর্তমান ঠিকানা সম্বলিত) আবেদনপত্রের সহিত সংযুক্ত করিতে হইবে।
- ৫। অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ ও বিলম্বে প্রাপ্ত আবেদন বাতিল বলিয়া গণ্য হইবে।
- ৬। আবেদনপত্রের খামের উপর পদের নাম ও নিজ জেলা উল্লেখ করিতে হইবে।
- ৭। আবেদনকারীর ঠিকানায় লিখিত পরীক্ষার জন্য প্রবেশপত্র প্রেরণ করা হইবে। প্রার্থীকে লিখিত ও মৌখিক পরীক্ষার সময় প্রার্থীর জাতীয় পরিচয়পত্রের, অভিজ্ঞতার সনদ (যদি থাকে) ও শিক্ষাগত যোগ্যতার সনদের প্রমাণপত্র সঙ্গে আনিতে হইবে।
- ৮। নিয়োগ সংক্রান্ত বিষয়ে নিয়োগ বিজ্ঞপ্তি স্থগিতকরণ/সময়সীমা বর্ধিতকরণ/বাতিলকরণ বা যেকোন বিষয়ে চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণের ক্ষমতা নিয়োগকারী কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

স্বাক্ষরিত/-

মোঃ ফেরদৌস ওয়াহিদ

সভাপতি

নিয়োগ সংক্রান্ত যাচাই বাছাই কমিটি

এবং

অতিরিক্ত জেলা ও দায়রা জজ আদালত, গাইবান্ধা।